# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৪৩

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো মহান প্রতিপালকের কাছে তাঁর সাহায্য-সহযোগিতা ও হেদায়েত চাওয়া

## ذكر ما يستحب للمرء سؤال الرب جل وَعَلَا الْمَعُونَةَ وَالنَّصْرَ وَالْهِدَايَةَ

---

আরবী

943 ـ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ الْعَبْدِيُّ قَالَ: أَخْبَرَنَا سُفْيَانُ عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الْحَارِثِ عَنْ طَلِيقِ بْنِ قَيْسٍ الْحَنَفِيِّ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (رَبِّ أَعِنِّي وَلَا تُعِنْ عَلَيَّ وَانْصُرْنِي وَلَا تَنْصُرْ عَلَيَّ وَامْكُرْ لِي وَلَا تَمْكُرْ عَلَيَّ وَاهْدِنِي ويسِّر الْهُدَى لِي وَانْصُرْنِي عَلَى مَنْ بَغَى عَلَيَّ رَبِّ اجْعَلْنِي لَكَ شَاكِرًا لَكَ ذَاكِرًا لَكَ أَوَّاهًا لَكَ مطواعاً لك مخبتاً أَوَّاهاً منيباً رَبِّ تَقَبَّلْ تَوْبَتِي وَاغْسِلْ حَوْبَتِي وَأَجِبْ دَعْوَتِي وَثَبِّتْ حُجَّتِي واهْدِ قَلْبِي وَسَدِّدْ لِسَانِي واسلُلْ سخيمة قلبي)

الراوي : ابْنِ عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 943 | خلاصة حكم المحدث:. صحيح ـ

বাংলা

৯৪৩. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলতেন, رَبِّ أَعِنِّي وَلَا تُعِنْ عَلَيَّ وَانْصُرْنِي وَلَا تَنْصُرْ عَلَيَّ وَامْكُرْ لِي وَلَا تَمْكُرْ عَلَيَّ وَاهْدِنِي ويسِّر الْهُدَى لِي وَانْصُرْنِي عَلَى مَنْ بَغَى عَلَيَّ رَبِّ اجْعَلْنِي لَكَ شَاكِرًا لَكَ ذَاكِرًا لَكَ أَوَّاهًا لَكَ مطواعاً لك مخبتاً أَوَّاهاً منيباً رَبِّ تَقَبَّلْ تَوْبَتِي وَاغْسِلْ حَوْبَتِي وَأَجِبْ دَعْوَتِي وَثَبِّتْ حُجَّتِي واهْدِ قَلْبِي وَسَدِّدْ لِسَانِي واسلُلْ سخيمة قلبي (হে আমার প্রভু, আপনি আমাকে সাহায্য করুন, আপনি আমাকে সহযোগিতা করুন; আমার বিরুদ্ধে সাহায্য করবেন না, আমার জন্য কৌশল করুন; আমার বিপক্ষে কৌশল করবেন না, আমাকে হেদায়েত দিন, আমার জন্য হেদায়েতকে সহজ করে দিন, যে আমার প্রতি যুলুম করে, তার উপর আমাকে সাহায্য করুন। হে আমার প্রভু, আপনি আমাকে আপনার শোকরগুজার, আপনার যিকরকারী, আপনার অভিমুখী, আপনার অনুগত, বিনয়ী, আপনার দিকে

প্রত্যাবর্তনকারী বান্দা করুন। হে আমার প্রভু, আপনি আমার তাওবা কবূল করুন, আমার পাপ ধুয়ে দিন, আমার দু‘আ কবূল করুন, আমার দলীল প্রতিষ্ঠিত করুন, আমার অন্তরকে সঠিক পথে পরিচালিত করুন, আমার জবানকে শুদ্ধ করুন, আমার অন্তরের ময়লা বের করুন।)”[1]

## ফুটনোট

[1] আবূ দাঊদ: ১৫১০; হাকিম: ১/৫১৯-৫২০; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/২৮০; মুসনাদ আহমাদ: ১/২২৭; তিরমিযী: ৩৫৫১; নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ৬০৭; ইবনু মাজাহ: ৩৮৩০; আদাবুল মুফরাদ: ৬৬৪; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৩৭৫।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৩৫৩ ।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89448

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন